

ওয়েব ডেভেলপার এবং পুরাতত্ত্ববিদ বহতা অংশুমালী মুখার্জিকে টিভি নাইন নক্ষত্র সম্মান দেওয়া হল। সম্মান প্রদান করলেন সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটির আচার্য তথা টেকনো ইন্ডিয়া গ্রুপের চেয়ারম্যান সত্যম রায়চৌধুরী, পুরাণবিদ নৃসিংহপ্রসাদ ভাদুড়ী, সরোদশিল্পী তেজেন্দ্রনারায়ণ মজুমদার অভিনেত্রী শ্রাবন্তী চ্যাটার্জি ও চিরঞ্জিত ভট্টাচার্য। বুধবার। ছবি: দীপক গুপ্ত

# বামেদের নেওয়া জমির দাম মেটাতেই কোষাগার খালি

**আজকালের প্রতিবেদন**

১৯৫৭ সালে অধিগৃহীত জমির দাম মেটাতে হচ্ছে এখন। বাম আমলে যা ইচ্ছে, তাই করা হয়েছে। ওদের আমলে নেওয়া জমির দাম মেটাতে আমাদের কোষাগার খালি হয়ে যাচ্ছে। বুধবার বিধানসভায় এ কথা জানান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

এদিন বিধানসভায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বলেন, ‘আমাদের একাধিক বিল আছে। একাধিক বিলে বদল আনা হয়েছে। বাম আমলে যত জমি অধিগ্রহণ হয়েছে, তার জন্য টাকা দিতে দিতে এই সরকারের কোষাগার খালি হচ্ছে। ওরা নিজেরা নিজেদের দায়িত্ব পালন করেনি।’ তিনি জানান, রাজ্যের মুখ্যসচিব মনোজকুমার পন্থের নেতৃত্বে একটি কমিটি

## বিধানসভায় মুখ্যমন্ত্রী

শিল্প দপ্তরের মন্ত্রী শশী পাঁজার আনা একটি বিলে আলোচনা করছিলেন তিনি। বিলটির নাম ‘রিভোকেশন অফ ওয়েস্ট বেঙ্গল ইনসেনটিভ স্কিমস অ্যান্ড অবলিগেশন ইন দি নেচার অফ গ্রান্টস অ্যান্ড ইনসেনটিভস বিল, ২০২৫’। ধ্বনিভোটে বিলটি পাশ হয়ে যায় এদিন। মুখ্যমন্ত্রীর অনুরোধ, দ্রুত রাজ্যপাল মহাশয় যেন বিলটি ছেড়ে দেন। রাজ্যে শিল্প–স্থাপনের জন্য এই বিল জরুরি। ভারী শিল্প–স্থাপনের জটিলতা কাটাতে ৮টি ইনসেনটিভ স্কিমকে রদ করা হয়েছে এই বিলে। যা ১৯৯৩ থেকে ২০১৩ সাল পর্যন্ত বিভিন্ন সময়ে চালু হয়েছিল।

করা হয়েছে। তারাই নতুন পলিসি তৈরি করবে। তারপর তা মন্ত্রিসভার বৈঠকে আলোচনা করে সবাইকে জানানো হবে। উল্লেখ্য, রাজ্যের ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ শিল্পে বিনিয়োগ আসছে। এছাড়া সরকারের নানা সামাজিক পরিষেবা আছে। মুখ্যমন্ত্রী বলেন, ‘তথ্যপ্রযুক্তি নিয়ে আগে এত চর্চা ছিল না। এখন এআই প্রযুক্তি নিয়েও কাজ হচ্ছে। আমাদের বাংলায় কয়লা আছে। কিন্তু তা নিয়ে ন্যাশনাল পলিসি আছে। আমাদের দাবি মাইনিং নিয়েও জাতীয় পলিসি হোক। একেক জায়গায় একেক রকম ব্যবস্থা কেন থাকবে?’

# বিশ্বভারতীর উপাচার্যের দায়িত্ব নিলেন প্রবীরকুমার

**চন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়**

বোলপুর, ১৯ মার্চ

স্থায়ী উপাচার্য পেল বিশ্বভারতী। নতুন উপাচার্য হলেন অধ্যাপক প্রবীরকুমার ঘোষ। বুধবারই বিশ্বভারতীর ভারপ্রাপ্ত উপাচার্য বিনয়কুমার সোরেনের কাছ থেকে দায়িত্বভার বুঝে নেন তিনি। ছত্তিশগড়ের রায়পুর আইসিএআর–এর উপাচার্য ছিলেন প্রবীরকুমার। ১৯৮১ সাল থেকে ১৯৮৫ সাল পর্যন্ত তিনি বিশ্বভারতীতে কৃষি বিষয়ক পড়াশোনা করেছেন। সম্প্রতি আইসিএআর–এর উপাচার্য পদ থেকে অবসর নেন তিনি। তারপরই বিশ্বভারতীর উপাচার্যের দায়িত্ব দেওয়া হয় প্রাক্তনী প্রবীরকুমারকে। এদিন দায়িত্বভার বুঝে নিয়ে তিনি বলেন, ‘আমি সকলের সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের র‍্যাঙ্ক বাড়ানোর জন্য যা যা করতে হয় করব। রবীন্দ্রনাথ ঠাকুর হলেন আদর্শ। সেই মতো কাজ করব।’ সেই সঙ্গে কেন্দ্রীয় শিক্ষানীতি চালু করার কথাও জানিয়ে দেন স্থায়ী উপাচার্য। তিনি আরও জানান, প্রধানমন্ত্রী তাঁকে যে দায়িত্ব দিয়েছেন তা পালন করবেন।



প্রবীরকুমার ঘোষ

প্রসঙ্গত, ২০২৩ সালের ৮ নভেম্বর উপাচার্য হিসেবে বিদ্যুৎ চক্রবর্তীর মেয়াদ শেষ হয়। তারপর থেকে বিশ্বভারতীর কলাভবনের অধ্যাপক সঞ্জয়কুমার মল্লিক, শিল্প সদনের অধ্যাপক অরবিন্দ মণ্ডল, পল্লী সংগঠন বিভাগের অধ্যাপক বিনয়কুমার সোরেন ভারপ্রাপ্ত হিসেবে উপাচার্যের পদ সামলে আসছিলেন। দীর্ঘ ১৬ মাস পর স্থায়ী উপাচার্য নিয়োগ করল কেন্দ্রীয় সরকার। ১৯৫১ সালের বিশ্বভারতীর নিজস্ব আইন অনুযায়ী রাষ্ট্রপতির কাছে ছাড়পত্র পাওয়ার পরেই কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক অধ্যাপক প্রবীর কুমার ঘোষকে স্থায়ী উপাচার্য হিসেবে নিয়োগ করে। এদিন বিশ্বভারতীতে এসে নিজের দায়িত্বভার গ্রহণ করলেন স্থায়ী উপাচার্য। তাঁকে স্বাগত জানান ও দায়িত্ব তুলে দেন ভারপ্রাপ্ত উপাচার্য বিনয়কুমার সোরেন। ছিলেন ভারপ্রাপ্ত জনসংযোগ আধিকারিক অতিগ ঘোষ। নতুন উপাচার্য বলেন, ‘আমি চ্যালেঞ্জকে গ্রহণ করি। আমি তিনটি প্রতিষ্ঠানের উপাচার্য ছিলাম। যা দায়িত্ব দেওয়া হয়েছিল, তা করে এসেছি। এখানেও আমাকে যে দায়িত্ব দেওয়া হয়েছে আমি করে দেখাব। সব থেকে গুরুত্বপূর্ণ, এটা আমার রাজ্যের বিশ্ববিদ্যালয়।’

# স্বাস্থ্যে সেরা বাংলা: মমতা

● ১ পাতার পর

ধ্বনি ভোটে পাশ হয় বাজেট প্রস্তাব। এদিন চন্দ্রিমা জবাবী ভাষণে বলেন, ‘এ রাজ্যে স্বাস্থ্যক্ষেত্রে আমূল পরিবর্তন হয়েছে। মেডিক্যাল কলেজ ছিল ১১টা। এখন হয়েছে ৩৮টা। প্যারামেডিক্যালে আসন ছিল ৩ হাজার ৪৮৮। হয়েছে ১৩ হাজারের বেশি। ডায়াগনিস্টিক ল্যাব ছিলই না। এখন ৪ হাজার ৩৬টি।’ সর্বোপরি স্বাস্থ্যসাথীতেও কার্যত বিপ্লব এনে দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। জবাবী ভাষণের পর বলতে ওঠেন মুখ্যমন্ত্রী। তিনি স্বাস্থ্যক্ষেত্রকে যে সর্বাধিক গুরুত্ব দিয়েছেন সে কথা উল্লেখ করেন। আসে আর জি কর প্রসঙ্গও। বলেন, ‘আমরাও চাই আর জি করের মেয়েটি বিচার পাক।’ বিরোধীদের কটাক্ষ করে তাঁর মন্তব্য, ‘আগে নিজেকে সম্মান জানাতে শিখুন, সম্মান করতে শিখুন। বাংলাকে অসম্মান করবেন না।’

বাংলার প্রতি কেন্দ্রের বঞ্চনাও উঠে আসে মমতার বক্তব্যে। বলেন, ‘ট্যাক্সের টাকা কেটে নিয়ে যাচ্ছে কেন্দ্র। এর পরেও বাংলায় বিনা খরচে চিকিৎসা হয়। রাজ্যের সব মানুষের জন্য স্বাস্থ্যসাথী।’ আয়ুষ্মানের সঙ্গে পার্থক্য তুলে ধরে মুখ্যমন্ত্রী বলেন, ‘ওরা আয়ুষ্মান ভারতের কথা বলে। এখনও দেড় কোটি আবেদন পড়ে আছে। সম্ভবত গাড়ি, বাড়ি, ফোন থাকলে আয়ুষ্মান ভারতের সুবিধা পাওয়া যায় না। কিন্তু স্বাস্থ্যসাথী সবার জন্য।’ তিনি জানান, ‘৪০ হাজার বেড বেড়েছে। চিকিৎসকের সংখ্যা ১৪ হাজার বাড়িয়েছি আমরা। ৮৯টি ব্লাড ব্যাঙ্ক হয়েছে। তৈরি হয়েছে ট্রমা সেন্টার।’ এদিন স্বাস্থ্য–শিক্ষা ক্ষেত্রেও উন্নতির কথা উল্লেখ করেন মুখ্যমন্ত্রী। জানান, ‘পিজিটিদের ভাতা বেড়েছে। গত মাসেই সব ঘোষণা করেছি। এর পাশাপাশি, এসএসকেএম ও শিলিগুড়িতে স্টেট অফ ক্যান্সার হাব তৈরি হচ্ছে। ৯৯ শতাংশ টিকাকরণ হয়েছে রাজ্যে। ‘ইনস্টিটিউশন ডেলিভারি’ হচ্ছে ৯৯.১৪ শতাংশ, ১০০ শতাংশ করা আমাদের লক্ষ্য।’ এদিন স্বাস্থ্য নিয়ে আলোচনার পাশাপাশি ফের বিজেপির ধর্মীয় বিভাজনের রাজনীতি নিয়ে সরব হন মমতা। বলেন, ‘যারা হিন্দু হিন্দু ভাই ভাই বলছেন, এ রাজ্যে যখন বিহার, ত্রিপুরা থেকে মানুষ এসে চিকিৎসা নিচ্ছেন, তখন খোঁজ নিতে যান আপনারা? কে কোন্ ধর্মের দেখে আমরা কাজ করি না।’ তিনি বলেন, ‘আমরাও ধর্ম মানি। কিন্তু রামকৃষ্ণ, বিবেকানন্দের ধর্মে বিশ্বাস করি। আপনাদের আমদানি করা ধর্মে বিশ্বাস করি না। আমরা শান্তিতে বিশ্বাস রাখি। খুন, দাঙ্গার রাজনীতিতে বিশ্বাস করি না। মনে রাখবেন, এ রাজ্যের মানুষ এই বিভাজনের বিরুদ্ধে প্রস্তুত হচ্ছেন। যোগ্য জবাব দেবে।’

# ‘অন ক্যাটেগরি’তে মেয়েরা কর্মী হবেন

**আজকালের প্রতিবেদন**

‘অন ক্যাটেগরি’ মদের দোকানে এখন থেকে ছেলেদের সঙ্গে মেয়েরাও কর্মী হতে পারবেন। বুধবার বিধানসভায় ‘দি ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল, ২০২৫’–তে এই সংশোধনী আনল রাজ্য সরকার। মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যের আনা এই বিলটি কোনও বিরোধিতা ছাড়াই বিধানসভায় পাশ হয়ে যায় এদিন। উল্লেখ্য ‘অন ক্যাটেগরি’ দোকানে মদের বোতল বিক্রিও হয়, বসে খাওয়ারও অনুমতি থাকে। কিন্তু ‘অফ ক্যাটেগরি’ মদের দোকানে শুধুই মদ বিক্রি হয়, বসে খাওয়ার অনুমতি থাকে না। পুরনো আইনে ‘অন ক্যাটেগরি’তে মেয়েদের কর্মী হওয়া যাবেনা বলে উল্লেখ ছিল। নতুন আইনে তা মুছে লেখা হল, ২১ বছর বয়সের ওপরে যে কোনও মানুষ এই কাজ করতে পারবেন। আগের আইনে এই বিধিনিষেধকে ‘বৈষম্যমূলক’ বলে মনে করছে এই সংশোধনী। একই সঙ্গে এই বিলে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স এবং ছোট চা–বাগানের আয়করের ওপরেও সংশোধনী আনা হয়েছে। বিল নিয়ে আলোচনায় অংশ নেন শাসকদলের দুই বিধায়ক দেবব্রত মজুমদার ও মহম্মদ আলি।

# ম্যাথুর বিরুদ্ধে মামলা

**আজকালের প্রতিবেদন**

নারদ কর্তা ম্যাথু স্যামুয়েলের বিরুদ্ধে সাম্প্রদায়িক উস্কানিমূলক কথা বলার জন্য মামলা দায়ের করল কেরলের কোয়াট্টায়াম জেলা পুলিশ। পুলিশ সুপার এ সাহুল হামিদ বলেছেন, ডিওয়াইএফআই–এর এক সদস্য অভিযোগ দায়ের করেছিলেন। তার ভিত্তিতে মামলা হয়েছে। খুব তাড়াতাড়ি নোটিস পাঠানো হবে জিজ্ঞাসাবাদ করার জন্য। জানা গেছে, ম্যাথু স্যামুয়েল তাঁর ইউটিউব চ্যানেল ‘ম্যাথু স্যামুয়েল অফিসিয়ালে’ নাকি কিছু আপত্তিকর কথা বলেছিলেন।

**এলিভেটেড করিডর: হাওড়ার কোনা এক্সপ্রেসওয়েতে এলিভেটেড করিডরের কাজে এবার জেলা প্রশাসন, পুলিশ, পুরসভা, জাতীয় সড়ক কর্তৃপক্ষ, সিইএসসি–সহ একাধিক দপ্তরের কর্তারা সম্মিলিত পরিদর্শন করলেন। বুধবার বিকেলে ওই পরিদর্শন হয়। কোনা এক্সপ্রেসওয়ের শুরু থেকে গড়ফা ছাড়িয়ে পুরো প্রায় ৪ কিমি. এলাকা পরিদর্শন করা হয়েছে।’**

# সঞ্চিতা কুমার রাজ্য তথ্য কমিশনে

**আজকালের প্রতিবেদন**

ডিজি রাজীব কুমারের স্ত্রী সঞ্চিতা কুমার তথ্য কমিশনের সদস্য হলেন। এছাড়া সদস্য হন প্রাক্তন সাংসদ মৃগাঙ্ক মাহাতো। বুধবার বিধানসভায় নিজের ঘরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সাংবাদিকদের এ খবর জানান। তথ্য কমিশনের চেয়ারম্যান রয়েছেন প্রাক্তন ডিজি বীরেন্দ্র কুমার। মুখ্যমন্ত্রী এদিন কমিশনে অন্য সদস্যদের নিয়ে বৈঠক করেন। বৈঠকে ছিলেন পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়।

## সিবিআইকে সময় বেঁধে দিল হাইকোর্ট

**হাওড়ার তৃণমূল নেতা ও পরিবেশকর্মী তপন দত্ত খুনের মামলায় নতুন করে তদন্ত হচ্ছে। সেই তদন্তে সিবিআই–কে সময় বেঁধে দিল কলকাতা হাইকোর্ট। চলতি বছরের মধ্যে তদন্ত শেষ করে ট্রায়াল শুরুর নির্দেশ দিয়েছে আদালত।**

# প্রেসিডেন্সিতে অবস্থান

**আজকালের প্রতিবেদন**

অবিলম্বে ছাত্র সংসদ নির্বাচনের দাবি তুললেন প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের একাংশ। বিশ্ববিদ্যালয়ের এসএফআই ইউনিটের পক্ষ থেকে এই দাবিটি ছাড়াও ক্যাম্পাসে সক্রিয় প্লেসমেন্ট এবং কেন্দ্রীয় ইন্টার্নশিপ সেল গঠন–সহ একাধিক দাবি জানানো হয়েছে। এই দাবিতে বুধবার ক্যাম্পাসে জমায়েত ও মিছিল করা এবং পরে কর্তৃপক্ষকে ডেপুটেশন দেওয়া হয়। এই দাবিগুলি নিয়ে কর্তৃপক্ষের তরফে কোনও আশ্বাস না পেয়ে অনির্দিষ্টকালের জন্য অবস্থান শুরু করেছেন এই পড়ুয়ারা।

# কুণালের বিদেশ-যাত্রার অনুমতি

**আজকালের প্রতিবেদন**

তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষকে বিদেশ–যাত্রার অনুমতি দিল কলকাতা হাইকোর্ট। তাঁর আবেদন মঞ্জুর করে এই অনুমতি দিল বিচারপতি দেবাংশু বসাকের ডিভিশন বেঞ্চ। আগামী ২১ মার্চ থেকে ৩০ মার্চ পর্যন্ত বিদেশে থাকতে পারবেন কুণাল। এর আগেও তিনি হাইকোর্টের নির্দেশে বিদেশে গিয়েছেন। সব শর্ত মেনেছেন। বুধবার সেই কারণেই তাঁকে অনুমতি দিয়েছে আদালত। বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিটে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে লন্ডন যাচ্ছেন তিনি। সংবাদ প্রতিদিনের হয়ে প্রতিনিধিত্ব করবেন। আদালত জানিয়েছে, শর্ত হিসেবে তাঁকে পাঁচ লক্ষ টাকা জমা রেখে বিদেশে যাওয়ার নির্দেশ দিয়েছে আদালত। এই টাকা দেবেন তাঁর স্ত্রী। যদিও তাঁর বিদেশ–যাত্রার স্পনসর সংবাদ প্রতিদিন। ফিরে এসে কুণাল পূর্বের শর্ত মতো পাসপোর্ট জমা রাখবেন নিম্ন আদালতে।




केनरा बैंक Canara Bank
सिंडिकेट Syndicate

**কানাড়া ব্যাঙ্ক**
মধ্যমগ্রাম শাখা, ২য় তল, মধ্যমগ্রাম সোদপুর রোড, কালীবাড়ি সংলগ্ন, থানা বারাসাত, জেলা উত্তর ২৪ পরগণা, পিন ৭০০১২৯

যেহেতু **কানাড়া ব্যাঙ্ক, মধ্যমগ্রাম (০৩৬৪৩)** শাখার অনুমোদিত আধিকারিক সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণের প্রতি বিক্রয় বিজ্ঞপ্তি(গুলি) জারি করেছে তাঁদের নেওয়া স্বর্ণঋণ বাবদ বকেয়া মিটিয়ে দেওয়ার জন্য। ঋণগ্রহীতা বকেয়া পরিশোধে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতা ও জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি হচ্ছে, যে নিম্নস্বাক্ষরকারী স্বর্ণালঙ্কারগুলি অনলাইনে **‘যা যেখানে আছে’, ‘যেমন যেখানে আছে’** এবং **‘রিকোর্স ছাড়া’** ভিত্তিতে বিক্রি করা হবে **https://egold.auctiontiger.net**–এ বিক্রি করা হবে **https://egold.auctiontiger.net**–এ ০৮.০৪.২০২৫ তারিখে দুপুর ১২:০০ থেকে ০৩:০০ টায়।

| ক্রম নং | ঋণগ্রহীতার নাম ও লোন এসি নং | মোট ওজন ও নিট ওজন | পরিদর্শনের তারিখ ও বায়না অর্থাঙ্ক |
|---|---|---|---|
| ১. | সাহাবুদ্দিন<br>লোন নং – ১৮০০৪৯৪৯৬৬৯৪ | মোট ওজন: ৪২.৪০ গ্রাম<br>নিট ওজন: ৩৪.৬৮ গ্রাম | ০৪.০৪.২০২৫<br>ও<br>বায়না অর্থাঙ্ক: ₹২৫,০০০/– |

ইএমডি অ্যাকাউন্ট বিশদ: এনইএফটি /আরটিজিএস/এনইএফটি, অ্যাকাউন্ট নং ২০৯২৭২৪৩৪
অ্যাকাউন্ট–এর নাম: এসএল–ওএল–আরটিজিএস–এনইএফটি পিএমটি ইএনএস
আইএফএসসি: CNRB0003643

বিশদ তথ্যের জন্য যোগাযোগ করুন ৮৩৩৪৯ ৯৯১২৬ বা ৮৩৩৪৯ ৯৯১০৪–এ। বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য https://egold.auctiontiger.net দেখুন।

তারিখ: ১৯.০৩.২০২৫ — শাখা অধীক্ষক
স্থান: কলকাতা — কানাড়া ব্যাঙ্ক, মধ্যমগ্রাম শাখা

ADITYA BIRLA CAPITAL — PROTECTING INVESTING FINANCING ADVISING
আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেড
**রেজিস্টার্ড অফিস:** ইন্ডিয়ান রেয়ন কম্পাউন্ড, ভেরাভল, গুজরাট–৩৬২২৬৬
**ব্রাঞ্চ অফিস: ব্রাঞ্চ অফিস:** রুম নং ৪০১, ফ্লোর নং ৪, ক্যামাক স্কোয়্যার, ২৪, ক্যামাক স্ট্রিট, কলকাতা– ৭০০০১৬

**পরিশিষ্ট II-A**
**[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৬(২)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]**
**অস্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৬(২)–এর সংস্থান–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে অস্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **(১) মেসার্স পাল প্যাকেজিং প্রাইভেট লিমিটেড (ঋণগ্রহীতা), এর ডিরেক্টরগণের মাধ্যমে; (২) দেবদাস পাল (জামিনদার) এবং (৩) দেবজ্যোতি পাল (সহ–ঋণগ্রহীতা)**–এর থেকে আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেড, সুরক্ষিত ঋণদাতার পাওনা বাবদ ১৬.০৬.২০২২ তারিখের ভিত্তিতে **₹৮,৭৬,২৮,৬৮০.৪৬ (আট কোটি ছিয়াত্তর লক্ষ আঠাশ হাজার ছশো আশি টাকা এবং ছেচল্লিশ পয়সা মাত্র)** [এই অর্থাঙ্কের মধ্যে টিডিএস এবং প্রযোজ্যমতো প্রি–পেমেন্ট চার্জ অন্তর্ভুক্ত করা নেই] পুনরুদ্ধারের জন্য আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেড, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা **বাস্তবিক দখল** নেওয়া ও সুরক্ষিত ঋণদদাতার কাছে রেহানাবদ্ধ অস্থাবর সম্পত্তি **‘যেখানে আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে **১০.০৪.২০২৫** তারিখে বিক্রি করা হবে।

পরিসম্পদের নির্ধারিত সংরক্ষণ মূল্য হবে **₹২৫,৫৯,৪৪৬.০০ (পঁচিশ লক্ষ উনষাট হাজার চারশো ছেচল্লিশ টাকা মাত্র)** এবং বায়না অর্থাঙ্ক হবে **₹২,৫৫,৯৪৪.৬০ (দুই লক্ষ পঞ্চান্ন হাজার নয়শো চুয়াল্লিশ টাকা ষাট পয়সা মাত্র)।**

অস্থাবর পরিসম্পদগুলির বিবরণ সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর অ্যানেক্সার–II অনুসারে প্রস্তুত করা ২০.০৪.২০২৩ তারিখের ইনভেন্টরির অধীনে উল্লেখমতো হবে। অস্থাবর সম্পত্তিগুলির বিশদ বিবরণ এবং বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য, অনুগ্রহপূর্বক সুরক্ষিত ঋণদাতার ওয়েবসাইট অর্থাৎ, https://mortgagefinance.adityabirlacapital.com/Pages/Individual/Properties-for-Auction-under-SARFAESI-Act.aspx বা https://sarfaesi.auctiontiger.net–তে দেওয়া লিঙ্ক/ইউআরএল দেখুন।

**জানা দায়:** মান্য ডেটস রিকভারি ট্রাইবুনাল–৩, কলকাতা সমীপে এস এ নং ৩১৪ অফ ২০২২, যা সারফায়েসি আইন ২০০২–এর ১৭ ধারায় বকেয়া।

স্বাঃ– অনুমোদিত আধিকারিক
আদিত্য বিড়লা ফিনান্স লিমিটেড
তারিখ: ২০.০৩.২০২৫
স্থান: কলকাতা




**খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশন**
মাইক্রো, স্মল এবং মিডিয়াম এন্টারপ্রাইজেস, ভারত সরকার
গ্রামোদয়, ৩ ইরলা রোড, ভিলে পার্লে (পঃ) মুম্বাই-৪০০০৫৬
টেলি: ০২২-২৬৭১৩৫৩৮, ইমেল: legaltrademark.kvic@gov.in
ওয়েবসাইট: www.kvic.gov.in

**সতর্কীকরণ বিজ্ঞপ্তি**

খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশন (কেভিআইসি) একটি বিধিবদ্ধ সংস্থা, ভারত সরকারের এমএসএমই মন্ত্রকের ‘খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশন অ্যাক্ট ১৯৫৬’ সংসদের অনুমোদনক্রমে প্রতিষ্ঠিত অবস্থিত ‘গ্রামোদ্যোগ’, ৩ ইরলা রোড, ভিলে পার্লে (পশ্চিম) মুম্বাই, মহারাষ্ট্র-৪০০০৫৬ সাধারণকে অবগত করাচ্ছেন যে, নিম্নের সকল পণ্য পরিষেবা ক্ষেত্রে কেভিআইসি ট্রেডমার্কগুলির স্বত্বাধিকারি এবং মালিক।

Khadi India — KVIC — Khadi India
Khadi INDIA — খাদি (শব্দ চিহ্নিত) — Khadi India Prakritik Paint (INDIA'S FIRST COW DUNG PAINT)

উক্ত ট্রেডমার্কগুলি ভারত এবং পৃথিবীর বিভিন্ন প্রান্তে সুরক্ষিত এবং ভারতে নথিভুক্ত এবং যার ব্যবহার কেভিআইসি করছেন সমগ্র পৃথিবীতে। কেভিআইসি-এর উক্ত ট্রেডমার্কগুলির যে কোনও ভাবে অপব্যবহার এবং/বা তঞ্চকতা মাধ্যমে ব্যবহার করা হয়ে থাকলে সকল ব্যক্তিগণের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কেভিআইসি-এর খাদি ট্রেডমার্ক পূর্বে বা পশ্চাতে ব্যবহার ট্রেডমার্ক, ব্যবসায়িক নাম বা ডোমেইন নাম হিসাবে ব্যবহার আইনত দণ্ডনীয়। খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশন দ্বারা অনুমোদিত সংস্থা/ব্যক্তি ব্যাতিরেকে উক্ত ট্রেডমার্ক ব্যবহার করা হলে, সাধারণের জ্ঞানে যদি থাকে, কেভিআইসিকে জানাবেন legalaffairs.kvic@gov.in ঠিকানায়।

**ডেপু চিফ এক্সিকিউটিভ অফিসার (লিগাল অ্যাফেয়ার্স)**

CBC 25103/15/0003/2425